টেলিকমিউনিকেশন্স স্টাফ কলেজ, গাজীপুর

Website: www.tsc.gov.bd

এ,এস,এম রেজাউল করিম
পরিচালক (ব্যঃ ও সাঃ) ও
কোর্স পরিচালক
১ম বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স
টেলিকমিউনিকেশন্স স্টাফ কলেজ, গাজীপুর
ফোনঃ ০২৪৯২৬১২০৪, ০১৫৫০১৫১২০৫
ইমেইল: asmrezaulk@gmail.com

আধা সরকারি পত্র: ১৪.৩৩.৩৩৩০.০০২.২৫.০১.১৬/৪৫ তারিখঃ ২৮.১২.২০১৭খ্রিঃ

সুপ্রিয় সহকর্মী

টেলিকমিউনিকেশন্স স্টাফ কলেজে (টিএসসি) আগামী ০২ জানুয়ারী ২০১৮ হতে অনুষ্ঠিতব্য ২ (দুই) মাস মেয়াদী ১ম বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে রেজিস্ট্রেশন করায় আপনাকে আন্তরিক ধন্যবাদ এবং অভিনন্দন জানাচ্ছি। রাজধানী ঢাকা থেকে ৩৫ কি:মি: দূরে গাজীপুর জেলার চান্দনা চৌরাস্তা থেকে ১ কি:মি: (ময়মনসিংহ রোড) উত্তর পূর্বে প্রায় ৮১ একর জমিতে ১৯৮৬ সালে টিএসসি স্থাপিত হয়। নির্মল প্রাকৃতিক পরিবেশে উন্নতমানের আবাসন সুবিধা, খেলার মাঠ, আধুনিক শ্রেণীকক্ষের সুবিধা সম্বলিত টিএসসি স্বনামধন্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান হিসেবে বিবেচিত হয়ে আসছে। টিএসসি আপনাকে স্বাগত জানাতে প্রস্তুত রয়েছে।

২. দেশ-মাতৃকার সার্বিক উন্নয়নই জনপ্রশাসনের লক্ষ্য। এ লক্ষ্যকে সামনে রেখে স্বাস্থ্য ক্যাডারের নবীন কর্মকর্তাদের সময়োপযোগী করে গড়ে তোলাই বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের উদ্দেশ্য। আশা করছি, বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ ও সফল সমাপন আপনাকে স্বাস্থ্য ক্যাডারের একজন নিবেদিত কর্মী হিসেবে গড়ে তুলতে বিশেষভাবে সাহায্য করবে।

৩. আপনি জেনে আনন্দিত হবেন যে, বাংলাদেশের স্বাধীনতা সংগ্রাম, ইতিহাস ও ঐতিহ্য, চেঞ্জ ম্যানেজমেন্ট, মনোভাব পরিবর্তন, প্রশাসন ও ব্যবস্থাপনার বিবর্তন, কলাকৌশল এবং জাতীয়, আঞ্চলিক ও বিশ্বায়ান সংক্রান্ত তাত্ত্বিক ও প্রায়োগিক বিষয়সমূহ এ কোর্সে অন্তর্ভুক্ত রয়েছে। দক্ষতা বৃদ্ধির প্রয়াসে এর সাথে আরো যুক্ত থাকবে কম্পিউটার প্রশিক্ষণ, ব্যবহারিক ইংরেজি, আইসিটি প্রভৃতি কার্যক্রম। এছাড়া প্রশাসনের সার্বিক কার্যক্রম এবং পদ্ধতি সম্পর্কে বাস্তবিক জ্ঞান লাভে আপনার জন্য বিশেষভাবে সহায়ক হবে।

৪. ঐতিহ্যগতভাবে বুনিয়াদি প্রশিক্ষণের সকল কর্মকান্ডে শৃঙ্খলা ও নিয়মানুবর্তিতাকে সর্বোচ্চ অগ্রাধিকার দেয়া হয়। এ কোর্সের প্রতিটি কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণের পাশাপাশি শৃঙ্খলা ও নিয়মানুবর্তিতাকে সর্ব্বোচ্চ গুরুত্ব প্রদানে আপনাকে সব সময় প্রস্তুত থাকতে হবে। মনে রাখা জরুরি যে, প্রশিক্ষণার্থীর কার্যক্রমের সামগ্রিক মূল্যায়নের ক্ষেত্রেও এটি একটি গুরুত্বপুর্ণ মাপকাঠি। কাজেই কোর্সের শৃঙ্খলা পরিপন্থী যে কোন আচরণের জন্য কোন প্রশিক্ষণার্থীকে তাৎক্ষণিকভাবে কোর্স হতে অব্যাহতি প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষ দ্বিতীয়বার চিন্তা করবে না। উল্লেখ্য যে, টিএসসির ডরমিটরী ও ক্লাশরুমের করিডোর সিসি ক্যামেরা দ্বারা মনিটর করা হয়।

৫. সফলভাবে বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স সমাপ্তির জন্য নিচের কয়েকটি বিষয়ে আপনার সনির্বন্ধ মনোযোগ আকর্ষণ করছি :

ক) এ কোর্সে অংশগ্রহনের জন্য **০১ জানুয়ারী ২০১৮ তারিখ অপরাহ্ন ৫.০০ টার মধ্যে** টিএসসিতে আপনার উপস্থিতি নিশ্চিত করতে হবে। ক্যাফেটেরিয়ায় আপনার জন্য বিকালের নাস্তার ব্যবস্থা থাকবে এবং এদিন রাত ৮.১০ টায় হলরুমে বিশেষ অধিবেশন অনুষ্ঠিত হবে। আপনাকে আনুষ্ঠানিকভাবে বরণ করে নিতে এদিন রাত ৯.০০ টায় ক্যাফেটেরিয়ায় নৈশ ভোজের ব্যবস্থা থাকবে। এসব কার্যক্রমসহ প্রশিক্ষণের সকল অধিবেশন ও কার্যক্রমে আপনার উপস্থিতি বাধ্যতামূলক।

খ) আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, কোর্সটি সম্পুর্ণ আবাসিক এবং প্রশিক্ষণ চলাকালে টিএসসি'র ডরমিটরিতে প্রশিক্ষণার্থীদের অবস্থান বাধ্যতামুলক। এ কোর্সের মাধ্যমে আপনি সতীর্থ প্রশিক্ষণার্থীদের সাথে অভিজ্ঞতা বিনিময়, সম্প্রীতির সেতু বন্ধন তৈরি, শরীর চর্চা ও খেলাধূলা কার্যক্রম, সান্ধ্যকালীন অধিবেশন এবং দলীয় আলোচনায় সক্রিয়ভাবে অংশগ্রহণ করতে পারবেন। আশা করি কোর্সে যোগদানের পূর্বে এসব বিষয়ে আপনার যথোপযুক্ত মানসিক প্রস্তুতি থাকবে।

গ) (i) ডরমিটরির কক্ষে খাট, তোশক, বেডশিট, বালিশ, মশারি ইত্যাদি থাকবে। তবে ব্যক্তিগত ব্যবহার্য প্রয়োজনীয় সামগ্রী যেমন: তোয়ালে, নামাজের বিছানা, গায়ে দেয়ার পাতলা চাদর, স্যান্ডেল ইত্যাদি আপনাকে সাথে আনতে হবে।

(ii) বুনিয়াদি প্রশিক্ষণের ঐতিহ্য অনুযায়ী পুরুষ প্রশিক্ষণার্থীদের হালকা রঙ্গের ফুল স্লিভ শার্ট, ফুলপ্যান্ট, মার্জিত রুচির স্যুট (অনুষ্ঠানের জন্য নেভী ব্লু স্যুট) ও টিএসসি কর্তৃক সরবরাহকৃত টাই এবং মহিলা প্রশিক্ষণার্থীদের মার্জিত রুচির শাড়ি/সালোয়ার-কামিজ (অনুষ্ঠানের জন্য নেভী ব্লু ব্লেজার এবং এক রঙ্গের সী-গ্রীন জামদানী শাড়ী) পরিধান করে প্রশিক্ষণসহ সকল আনুষ্ঠানিক অধিবেশনে অংশগ্রহণ করতে হবে। তবে, মহিলা প্রশিক্ষণার্থীদেরকে মার্জিত রুচির শাড়ি পরিধানের জন্য উৎসাহিত করা হয়। কোন বিশেষ কারণে স্যুট ও টাই পরতে অসুবিধা বোধ করবেন এমন পুরুষ প্রশিক্ষণাথীগণ শেরওয়ানী/ প্রিন্সকোট/ কোটিসহ পাঞ্জাবী পরিধান করতে পারবেন, তবে সে সাথে জুতা-মোজা পড়তে হবে।

(অঃপৃঃদ্রঃ)

(iii) শরীরচর্চা ও খেলাধুলায় অংশগ্রহণের জন্য পৃথক পোশাকের প্রয়োজন হবে। পুরুষ প্রশিক্ষণার্থীগণ সাদা ইংলিশ/টেনিস হাফপ্যান্ট/ট্র্যাক স্যুট ও কলারসহ সাদা টি-শার্ট এবং সাদা কেডস ও সাদা মোজা ব্যবহার করবেন। মহিলা প্রশিক্ষণার্থীগণ ব্যবহার করবেন সাদা সালোয়ার কামিজ ও সাদা ওড়না/স্কার্ফ (কিংবা সাদা ট্র্যাক স্যুট) এবং সাদা কেডস ও সাদা মোজা। কেডস কেনার সময় আপনি অবশ্যই এটি শরীরচর্চা ও খেলাধুলার জন্য যথেষ্ট উপযোগী ও আরামদায়ক কিনা তা ভালভাবে যাচাই করে নেবেন। বিকালের গেমস সেশনে ফুটবল/ভলিবল/ক্রিকেট ইত্যাদি টুর্নামেন্টে জার্সি পরিধান করতে পারবেন, যার রং ও ডিজাইন কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ক্রীড়া কমিটি পরবর্তীতে নির্ধারণ করতে পারেন।

(iv) প্রশিক্ষণের প্রথম দিন থেকেই উল্লিখিত পোশাকাদি (জার্সি ব্যতীত) প্রয়োজন বিধায় এগুলো আগে থেকেই সংগ্রহ করে সাথে আনতে হবে। কোর্সে যোগদানের একমাসের মধ্যে পোশাক ভাতা বাবদ আপনাকে ১০,০০০/-(দশ হাজার) টাকা নগদ প্রদান করা হবে।

(ঘ) প্রশিক্ষণকালে কোন ছুটি প্রদানের বিধান নেই। তাই আপনার বেতন-ভাতা আহরণের সুবিধার্থে কর্মস্থল ত্যাগের পূর্বেই এক সাথে ছয় মাসের বেতন ভাতা বিল স্বাক্ষর করে কর্মস্থলে জমা দিয়ে আসবেন।

(ঙ) জামানত হিসেবে ১,০০০/-(এক হাজার) টাকা (ফেরতযোগ্য) আপনাকে টিএসসি'র সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট জমা রাখতে হবে। এ বিষয়ে আপনার যথাযথ প্রস্তুতি থাকতে হবে।

(চ) টিএসসিতে অবস্থানকালে আপনার নাস্তা-আহারাদির ব্যয়, **রুমবয়ের মজুরী** ও অন্যান্য ব্যয় নির্বাহের জন্য **৩৫০/-(তিনশত পঞ্চাশ টাকা মাত্র)** হারে প্রশিক্ষণভাতা প্রদান করা হবে যা মেস কমিটির মাধ্যমে ব্যয় করা হবে।

(ছ) টিএসসিতে প্রশিক্ষনার্থীগনের আসা যাওয়ার জন্য পরিবহনের কোন ব্যবস্থা না থাকায় নিজস্ব ব্যবস্থাপনায় যাতায়াত করতে হবে। তবে শিক্ষা সফর, সচিবালয় সংযুক্তিসহ কোর্সের অন্তর্ভূক্ত বিষয়াদির ক্ষেত্রে কোর্স কর্তৃপক্ষ যাতায়াতের ব্যবস্থা করবেন।

(জ) টিএসসি থেকে আপনাকে কোন ভ্রমণ ভাতা দেয়া হবে না। সুতরাং এ সকল কার্যক্রমের ব্যয় নির্বাহের জন্য আপনাকে প্রয়োজনীয় অর্থ সাথে আনতে হবে। প্রশিক্ষণ শেষে প্রত্যায়িত ভ্রমণ বৃত্তান্ত অনুসারে আপনি নিজ দপ্তর থেকে ভ্রমণ ভাতা গ্রহণ করতে পারবেন।

৬. বুনিয়াদি প্রশিক্ষণ একটি অত্যন্ত পরিশ্রমসাধ্য ও নিবিড় কোর্স। সে কারণে, সন্তানসম্ভবা মহিলা কর্মকর্তা এবং ১(এক) বছরের কম বয়সী সন্তান রয়েছে এমন মহিলা কর্মকর্তাকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে পরবর্তীতে সুবিধাজনক সময়ে প্রশিক্ষণে অংশগ্রহণ করার জন্য পরামর্শ দিচ্ছি। সন্তানসম্ভবা কোন মহিলা কর্মকর্তা তথ্য গোপন করে কোর্সে অংশগ্রহণ করলে বিষয়টি গোচরীভূত হওয়ামাত্র তাৎক্ষণিকভাবে তাঁকে কোর্স থেকে অব্যাহতি দেয়া হবে।

৭. টিএসসিতে শিশু পরিচর্যা কেন্দ্র (Day care center) না থাকায় সন্তানসহ প্রশিক্ষণে অংশগ্রহণের কোন সুযোগ নেই।

৮. আপনি জেনে আনন্দিত হবেন যে, টিএসসিতে Wi-Fi ব্যবহারের সুবিধা রয়েছে। তথ্য প্রযুক্তির এ আধুনিক সুবিধা ব্যবহারের জন্য আপনাকে ব্যক্তিগত ল্যাপটপ/ডেস্কটপ সাথে আনতে হবে। ব্যক্তিগত কম্পিউটার সাথে না থাকলে কোর্সের বিভিন্ন এ্যাসাইনমেন্ট যথাসময়ে সম্পাদন করতে সমস্যা হবে। টিএসসি কর্তৃপক্ষ আপনাকে ল্যাপটপ সরবরাহ করবেনা।

৯. শেষ করার আগে আরো কিছু জরুরী বিষয়ে বিশেষভাবে আপনার মনযোগ আকর্ষণ করছি -

(i) আপনাকে নিজস্ব ব্যবস্থায় ০১ জানুয়ারী ২০১৮ তারিখ অপরাহ্ন ৫.০০টার মধ্যে অবশ্যই টিএসসিতে যোগদান করে রেজিষ্ট্রেশন কার্যাদি সম্পন্ন করে আপনার জন্য নির্ধারিত কক্ষের চাবি বুঝে নিতে হবে। নির্ধারিত সময়ের পর কোন প্রশিক্ষনার্থীকে গ্রহন করা হবে না।

(ii) নিবন্ধন ও অন্যান্য প্রয়োজনে আপনার ১০ কপি পাসপোর্ট ও ১০ কপি স্ট্যাম্প সাইজ রঙ্গিন ছবি (স্টুডিও প্রিন্ট) এবং রক্তের গ্রুপ পরীক্ষার প্রমাণপত্র সাথে আনবেন এবং প্রয়োজনীয় কাগজ-কলম, পোশাকাদি, ঔষধপত্র ও অন্যান্য নিত্যব্যবহার্য সামগ্রী অবশ্যই সাথে আনবেন।

১০ আশা করছি, প্রাকৃতিক সৌন্দর্যমন্ডিত টিএসসির মনোরম পরিবেশে বিভিন্ন ক্যাডার/সার্ভিসের সতীর্থ প্রশিক্ষণার্থীদের সান্নিধ্যে আপনার সময় বেশ আনন্দেই কাটবে।

১১. পরিশেষে, টিএসসিতে আপনার নিরাপদ উপস্থিতি এবং আপনার সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করছি।

শুভেচ্ছান্তে-

(এ,এস,এম রেজাউল করিম))